# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 23 April, 2025

ঝিনাইদহের শৈলকুপায় গভীর রাতে এক প্রবাসীর বাড়িতে ডাকাতির ঘটনা ঘটেছে। বুধবার রাত ৩টার দিকে উপজেলার মির্জাপুর ইউনিয়নের চরগোলক নগর

গ্রামের প্রবাসী টিপু সুলতানের বাড়িতে এ ডাকাতির ঘটনা ঘটে। সিংঙ্গাপুর প্রবাসী টিপু সুলতানের বাবা আইনুদ্দিন শেখ জানান, রাতের খাবার খেয়ে পরিবারের

সবাই ঘুমিয়ে পরে।রাত ৩টার দিকে একদল ডাকাত বাড়ির গেট ভেঙ্গে ভিতরে প্রবেশ করে পরিবারের সবাইকে অস্ত্রের মুখে জিম্মি করে।

ডাকাতদল ঘর থেকে প্রায় ৮ ভরি স্বর্ণালঙ্কার ও নগদ ৩ লাখ ৫০ হাজার টাকা নিয়ে যায় বলে অভিযোগ করেছে টিপু সুলতানের পরিবার।শৈলকুপা থানার ওসি মাসুম খান বলেন, বিষয়টি রহস্যজনক মনে হচ্ছে।এরকম ডাকাতির ঘটনা ঘটলে তারা তো রাতেই আমাকে জানাতো।তারপরও পরিবারের পক্ষ থেকে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নিব।

ঝিনাইদহ ডাকাতি স্বর্ণালঙ্কার

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 13:09

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/1292775807